



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।
ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)
www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/৭৫২

তারিখ : ২৩/১০/২০২৩ খ্রিঃ

বিষয় : তদন্ত প্রতিবেদন প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় কাগজপত্র সহ সশরীরে বোর্ড অফিসে উপস্থিত থাকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র-০১ : ম্যানেজিং কমিটি বাতিল করার প্রসঙ্গে সহকারী প্রধান শিক্ষকের একখানা আবেদন।

সূত্র-০২ : কমিটির চারজন অভিভাবক সদস্য ও একজন সংরক্ষিত অভিভাবক সদস্য স্বাক্ষরিত একখানা অভিযোগ পত্র।

সূত্র-০৩ : কমিটি অনুমোদন প্রসঙ্গে চারজন অভিভাবক সদস্য ও একজন সংরক্ষিত অভিভাবক সদস্য স্বাক্ষরিত একখানা অভিযোগ পত্র।

সূত্র-০৪ : তারিখ : ২০/০৬/২০২৩ খ্রিঃ তারিখের স্মারক নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/৬৭২ পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রমূলে নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলাধীন “হাটখলা এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়” এর ম্যানেজিং কমিটি গঠনের পক্ষে-বিপক্ষে তিনটি অভিযোগ পত্র পাওয়া সাপেক্ষে উপরিউক্ত ০৪ নং সূত্রের স্মারকমূলে গত ২৬/০৬/২০২৩ খ্রি. তারিখে বোর্ডের দুইজন কর্মকর্তা জনাব নাজমুল আলম সিদ্দিকী ও জনাব রফিকুল ইসলাম বিদ্যালয়টিতে সরেজমিনে তদন্তের জন্য গমন করেন। কিন্তু তদন্তকালে দুই পক্ষের মধ্যে এক পক্ষ অনুপস্থিত থাকায় তদন্তকাজ সম্পন্ন করা সম্ভব হয় নাই। এমতাবস্থায় তদন্ত প্রতিবেদন তৈরি করার লক্ষ্যে নিম্নলিখিত ব্যক্তিবর্গকে আগামী ০১/১১/২০২৩ খ্রি তারিখ বুধবার সকাল ১১:০০ টায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক, ময়মনসিংহ এর ০২ নং ভবনের বিদ্যালয় শাখায় সশরীরে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অবহিত/অনুরোধ করা হলো।

উপস্থিত থাকার জন্য পক্ষগণ :

- ১) প্রধান শিক্ষক, হাটখলা এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়, পূর্বধলা, নেত্রকোণা।
- ২) সহকারী প্রধান শিক্ষক, হাটখলা এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়, পূর্বধলা,
- ৩) প্রস্তাবিত ম্যানেজিং কমিটির সকল সদস্য (বিভিন্ন ক্যাটাগরিতে নির্বাচিত)।
- ৪) প্রস্তাবিত ম্যানেজিং কমিটির সভাপতি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বাঃ-

রফিকুল ইসলাম

সহকারী বিদ্যালয় পরিদর্শক ও তদন্তকারী কর্মকর্তা
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।


প্রাপক
প্রধান শিক্ষক
হাটখলা এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়
পূর্বধলা, নেত্রকোণা।

স্মারক নং- ৭৫২(৭)

তারিখ : ২৩/১০/২০২৩ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণা।
- ২। জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
- ৩। প্রস্তাবিত সভাপতি, ম্যানেজিং কমিটি, “হাটখলা এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়”, পূর্বধলা, নেত্রকোণা।
- ৪। প্রধান শিক্ষক, “হাটখলা এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়”, পূর্বধলা, নেত্রকোণা।
- ৫। সহকারী প্রধান শিক্ষক, “হাটখলা এসইএসডিপি মডেল উচ্চ বিদ্যালয়”, পূর্বধলা, নেত্রকোণা।
- ৬। সহকারী প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। (পত্রটি অনলাইনে আপলোডের অনুরোধসহ)
- ৭। অফিস কপি।


সহকারী বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।